



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৩
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৫
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৬

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

রাজধানী ঢাকার উত্তরাংশের আনুমানিক ২৫০ বর্গ কিঃ মিঃ এলাকায় বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব নিয়োজিত আছে ডেসকো। বিগত ০৩ (তিন) বছরে ডেসকো এলাকায় ১৮১৫৬৬ টি নতুন গ্রাহক সংযোগ দেওয়া হয়েছে, গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেলেও মার্চ, ২০২০ থেকে কোভিড-১৯ মহামারী জ্বলিত কারণে বিদ্যুতের চাহিদা বিগত বছরের তুলনায় হ্রাস পেয়েছে। বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা আধুনিকায়ন এবং ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে বিগত তিন বছরে ৫০০ কিমি ১১/০.৪ কেভি, ৮৫ কিমি ৩৩কেভি আন্ডারগ্রাউন্ড এবং ২৫কিমি ১৩২কেভি ভূ-গর্ভস্থ ও ওভারহেড লাইন নির্মাণ করা হয়েছে, যার ফলে আনুমানিক ৪,৫০,০০০ জন গ্রাহককে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা সম্ভব হবে। বর্তমানে ডেসকো'র ১৩২/৩৩ গ্রীড উপকেন্দ্রের ক্যাপাসিটি ১২৮০/১৯২০ এমভিএ এবং ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্যাপাসিটি ২৯২০/৪০৮৮ এমভিএ তে উন্নীত হয়েছে। উন্নত ব্যবস্থাপনার স্বীকৃতি স্বরূপ ডেসকো ২০২০ সালে আইএসও ৪৫০০১:২০১৮ সনদ অর্জন করেছে। জনসেবা প্রদানে ও দেশের সার্বিক উন্নয়নে সরকার কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ ঘোষণার সাথে সংগতি রেখে ডেসকো প্রযুক্তি নির্ভর নানাবিধ কর্মসূচি গ্রহণ করেছে যেমন: ৫৭৫০০০ টি স্মার্ট মিটার স্থাপন, অন লাইন বিলিং এন্ড কালেকশন, ই-গর্ভন্যান্স, মোবাইল অ্যাপসের মাধ্যমে গ্রাহক সেবা, ওয়েভবেজড নতুন সংযোগ এবং স্টোর ব্যবস্থাপনা, ইআরপি সহ ইত্যাদি ডিজিটাল সেবা চালু করা হয়েছে, ফলে গ্রাহক সেবার মান বৃদ্ধিসহ প্রাতিষ্ঠানিক দৃঢ়তা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন নিশ্চিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

ডেসকোর একানব্বই শতাংশ আবাসিক গ্রাহক পঞ্চাশ শতাংশ লোড ব্যবহার করে থাকেন, আবাসিক গ্রাহকদের নিকট বিক্রিত বিদ্যুতের ইউনিট প্রতি গড় মূল্য ৬.৫০ টাকা কিন্তু প্রতি ইউনিট বিদ্যুতের ক্রয় মূল্য ৬.৭৫ টাকা, অর্থাৎ আবাসিক গ্রাহকদের নিকট ডেসকো ২৫ পয়সা কমে বিক্রয় করায় আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে, আবাসিক ট্যারিফ এর মূল্য সমন্বয় করার প্রয়োজন। ডেসকো এলাকায় ভূমি অপতুলতার কারণে বর্ধিত লোড চাহিদা মোকাবেলার জন্য প্রয়োজনীয় বৈদ্যুতিক উপকেন্দ্র স্থাপন করা সম্ভব হচ্ছে না এবং ভূ-গর্ভস্থ বৈদ্যুতিক নেটওয়ার্ক স্থাপনের লক্ষ্যে বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠান বিশেষ করে সিটি কর্পোরেশনসহ অন্যান্য কর্তৃপক্ষের অনুমতি পাওয়া দুরূহ। ডেসকোর ভৌগলিক এলাকা হতে বাণিজ্যিক গ্রাহক ক্রমাগত কমে যাওয়ায় আর্থিক দিক থেকে লভ্যাংশ ক্রমাগত হ্রাস পাচ্ছে। বাণিজ্যিক ও শিল্প নির্ভর গ্রাহক বৃদ্ধি করার দিকে ডেসকোর উদ্যোগ গ্রহণ করতে হবে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

৪টি ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্র ও ৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ প্রকল্প সম্প্রতি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে; গুলশানে ভূগর্ভস্থ ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ প্রকল্প চলমান রয়েছে। সকল গ্রাহককে স্মার্ট প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতায় আনয়ন; আধুনিক বিদ্যুৎ ব্যবস্থাপনার জন্য স্ক্যাডা (SCADA) নির্মাণ এবং GIS ম্যাপিং এর কার্যক্রম গ্রহণ; স্মার্ট গ্রীড বাস্তবায়ন; Call Center স্থাপন এবং শতভাগ ই-ফাইলিং চালুকরণ; ডিজিটাল সেবার উন্নয়ন; মানবসম্পদ উন্নয়ন ও কর্মকর্তা/কর্মচারীগণের কর্মসম্পূর্ণতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ; ডেসকো এলাকায় বিদ্যমান রাজউকের মডেল টাউনগুলিতে ভূ-গর্ভস্থ আধুনিক বিদ্যুৎ সরবরাহ নেটওয়ার্ক স্থাপন; বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ও নবায়নযোগ্য বিদ্যুৎ এর ব্যবহার বৃদ্ধি করা; ডেসকো'র প্রধান কার্যালয় হিসাবে নিকুঞ্জ-২ এলাকায় দৃষ্টিনন্দন, পরিবেশবান্ধব ও আধুনিক ভবন নির্মাণ;

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- মান সম্পন্ন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ;
- স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন;
- Advanced Metering Infrastructure (AMI) নির্মাণ;
- ১৩২/৩৩/১১ কেভি ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণের উদ্যোগ গ্রহণ;
- ডেসকো এলাকায় বিদ্যমান রাজউকের মডেল টাউনগুলিতে ভূ-গর্ভস্থ আধুনিক বিদ্যুৎ সরবরাহ নেটওয়ার্ক স্থাপন

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

নিরাপদ, নির্ভরযোগ্য ও টেকসই বিদ্যুৎ সেবা প্রদানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক অগ্রগতিতে সহায়ক হওয়া।

১.২ অভিলক্ষ্য (Mission)

গ্রাহকগণের জীবন যাপনে স্বাচ্ছন্দ্য আনয়ন, ব্যবসা-বাণিজ্য খাতে সহায়তা, গ্রাহকগণের নিকট উন্নততর সেবা প্রদান, কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনসহ শক্তিশালী জাতি গঠনে ভূমিকা রাখা এবং ডেসকো'র উপর নির্ভরশীলতার ক্ষেত্রে গ্রাহকগণের আস্থা অর্জন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ
২. বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন করা
৩. নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান ও গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করা
৪. নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. বিতরন লাইন নির্মাণ ও উপকেন্দ্রের উন্নয়ন
২. কারিগরী ও অকারিগরী লস গ্রহনযোগ্য পর্যায়ে রাখা
৩. নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা
৪. বিতরন ব্যবস্থার আধুনিকায়নপূর্বক উন্নত গ্রাহকসেবা নিশ্চিতকরণ
৫. প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিপূর্বক মানবসম্পদ উন্নয়ন

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ করে ২০২২ সালের মধ্যে সকল নাগরিকের বিদ্যুৎ সুবিধা নিশ্চিতকরণ	নতুন আবাসিক সংযোগ	সংখ্যা	৮৬৩৪১	৫৫১৪০	৪০০০০	৫০০০০	৫০০০০	ডেসকো, বিদ্যুৎ বিভাগ	এমওডি
লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ	বিতরণ লাইন নির্মাণ	লাইন কিঃমিঃ	১৮৩.৪৪৩	১২৫.১৯১	১৮০	১০০	১০০	ডেসকো, বিদ্যুৎ বিভাগ	এমওডি
বিতরণ ব্যবস্থার উন্নয়ন করে গ্রাহক সন্তুষ্টি অর্জন	সিস্টেম লস	%	৫.৫৮	৪.৮৭	৬.০০	৫.৯০	৫.৮০	ডেসকো, বিদ্যুৎ বিভাগ	এমওডি
নিরবিচ্ছিন্ন ও মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	SAIDI	মিনিট	৩১০.৭২	১৩৭.৫৬	১৪২০	৭০০	৫০০	ডেসকো, বিদ্যুৎ বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	SAIFI	সংখ্যা	১৩.০২	৫.৭৪	৯৫	৯০	৯০	ডেসকো, বিদ্যুৎ বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ	৩১	[১.১] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি	[১.১.১] বকেয়া হাসকরণ	ক্রমপঞ্জিভূত	সমমাস	৬	১.৩০	১.৪	১.৭	১.৭৫	১.৮০		১.৬	১.৫	
			[১.১.২] বিল কালেকশন রেশিও	ক্রমপঞ্জিভূত	%	৪	১০৩.৯	১০০.১	৯৯	৯৮.৫	৯৮		৯৯	৯৯	
			[১.১.৩] পাওনা পরিশোধ	ক্রমপঞ্জিভূত	মাস	৩	০	১	১	১.২৫	১.৩০		১	১	
			[১.১.৪] সিআই রেশিও	ক্রমপঞ্জিভূত	%	৩			৯৩	৯২.৫	৯২		৯৩	৯৩	
			[১.১.৫] কারেন্ট রেশিও	ক্রমপঞ্জিভূত	অনুপাত	২	১.৪৯	১.৬৫	১.৫০	১.৪৫	১.৪০		১.৮৫	২.০	
			[১.১.৬] কুইক রেশিও	ক্রমপঞ্জিভূত	অনুপাত	২	১.২১	১.১৮	১	০.৯৫	০.৮০		১.০	১.০	
			[১.১.৭] ডেবট সার্ভিস কভারেজ রেশিও	ক্রমপঞ্জিভূত	অনুপাত	২	১.১৭	০.৮০	১	০.৯৫	০.৮০		১.০	১.০	
			[১.১.৮] ই-জিপি টেন্ডারিং	সমষ্টি	%	৩	১১৪.২৮	১৫৬.৬৬	১০০	৯৫	৯০		১০০	১০০	
		[১.২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	[১.২.১] বিদ্যুৎ খাতে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান	সমষ্টি	জনঘণ্টা	২			৬০	৫৮	৫৫		৬০	৬০	
	[১.২.২] জিআইএস ডাটা হালনাগাদকরণ	ক্রমপঞ্জিভূত	%	২	৭৫	৮৮	১০০	৯৫	৯০		১০০	১০০			
	[১.২.৩] ERP ব্যবহার/ হালনাগাদকরণ	ক্রমপঞ্জিভূত	%	২		৯০	১০০	৯৫			১০০	১০০			
[২] বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন করা	২৪	[২.১] বিদ্যুৎ বিতরণ লাইন সম্প্রসারণ	[২.১.১] বিতরণ লাইন নির্মাণ/আপগ্রেডেশন	সমষ্টি	কিমি	৬	১৮৩.৪৪৩	১২৫.১৯১	১৮০	১৭২	১৬৫		১০০	১০০	
			[২.১.২] বিতরণ লাইন/স্থাপনা পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	২			২৪	২২	২০		২৪	২৪	
		[২.২] সিস্টেম লস হাসকরণ	[২.২.১] সিস্টেম লস	ক্রমপঞ্জিভূত	%	৫	৫.৫৮	৪.৮৭	৬.০০	৬.১০	৬.২০		৫.৯০	৫.৮০	
		[২.৩] ব্লফটপ সোলার	[২.৩.১] ব্লফটপ সোলার স্থাপন	সমষ্টি	সংখ্যা	২	১০২	৫৪	৩০	২৫	২০		২০	২০	
		[২.৪] প্রি-পেইড মিটার/স্মার্ট মিটার স্থাপন	[২.৪.১] প্রি-পেইড মিটার/স্মার্ট মিটার স্থাপন	সমষ্টি	সংখ্যা	৫	২৭০২২৯	১১৫৬৪	১০০০০০	৯০০০০	৮০০০০		২০৫০০০	২১০০০০	
		[২.৫] গ্রাহক সেবার মান বৃদ্ধি	[২.৫.১] আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ (দুই) কর্ম দিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিম্যান্ড নোট ইস্যুকৃত	ক্রমপঞ্জিভূত	%	১			৮৭	৮০	৭০		৮৫	৯০	
			[২.৫.২] আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে ডিম্যান্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস তার (প্রয়োজ্য ক্ষেত্রে) জমা দেয়ার পরবর্তী ২(দুই) কর্ম দিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত	ক্রমপঞ্জিভূত	%	১			৯০	৮০	৭০		৮৫	৯০	
			[২.৫.৩] ১১ কেভি ও তদুর্ধ্ব ভোল্টেজের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ (তের) কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিম্যান্ড নোট ইস্যুকৃত	ক্রমপঞ্জিভূত	%	১			৭০	৬৫	৬০		৭৫	৮০	
			[২.৫.৪] ১১ কেভি ও তদুর্ধ্ব ভোল্টেজের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে ডিম্যান্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ,	ক্রমপঞ্জিভূত	%	১			৭০	৬৫	৬০		৭৫	৮০	
চূড়ান্ত দাখিলের সময়: রবিবার, জুন ১২, ২০২২ ১৭:১৪			মিটার টেস্ট এর পরবর্তী ০২ (দুই) কর্ম দিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদানকৃত			পৃষ্ঠা: ৮	মুদ্রণ তারিখ: রবিবার, নভেম্বর ১৩, ২০২২								

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান ও গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করা	৮	[৩.১] নতুন সংযোগ	[৩.১.১] নতুন সংযোগ প্রদান	সমষ্টি	সংখ্যা	৩	৮৬৩৪১	৫৫১৪০	৪০০০০	৩৮০০০	৩৬০০০		৫০০০০	৫০০০০	
		[৩.২] ওভারলোড ট্রান্সফরমার হাসকরণ	[৩.২.১] ওভারলোড ট্রান্সফরমার	ক্রমপঞ্জিভূত	%	৩	০	০	০.২	০.২৫	০.২৮		০.২	০.২	
		[৩.৩] গ্রাহক সন্তুষ্টি	[৩.৩.১] গণশুনানী	সমষ্টি	সংখ্যা	২	১৫৪	১৩১	১৫০	১৩৫	১২০		১৫০	১৫০	
[৪] নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা	৭	[৪.১] নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	[৪.১.১] SAIDI পরিমাপে স্বয়ংক্রিয় ব্যবস্থা চালুকৃত (শতকরা)	ক্রমপঞ্জিভূত	%	১	৭৫.৭০	২৩.১৩	১০০	৯০	৮০		১০০	১০০	
			[৪.১.২] SAIDI পরিমাপে স্বয়ংক্রিয় ব্যবস্থা চালুকৃত (সংখ্যা)	সমষ্টি	সংখ্যা	১		১০৮	৫০৫	৪৫০	৪০০		৫৫০	৬৫০	
			[৪.১.৩] সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স (SAIDI)	গড়	মিনিট	১	৩১০.৭২	১৩৭.৫৬	১৪২০	১৫০০	১৫৫০		৭০০	৫০০	
			[৪.১.৪] সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকুয়েন্সি ইনডেক্স (SAIFI)	ক্রমপঞ্জিভূত	সংখ্যা	১	১৩.০২	৫.৭৪	৯৫	৯৬	৯৭		৯০	৯০	
		[৪.২] মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	[৪.২.১] প্রতিটি বিলিং পয়েন্ট এর পাওয়ার ফ্যাক্টর	ক্রমপঞ্জিভূত	%	৩	৯৭	৯৮.২৪	৯০	৮৯.৫	৮৮		৯০	৯০	

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

তারিখ

সচিব
বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ
মন্ত্রণালয়

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	SAIDI	System Average Interruption Duration Index
২	SAIFI	System Average Interruption Frequency Index
৩	এমওডি	মাসিক পরিচালন ডাটা
৪	এমভিএ	মেগা-ভোল্ট এ্যাম্পিয়ার
৫	ডেসকো	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি	[১.১.১] বকেয়া হাসকরণ	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	এমওডি
	[১.১.২] বিল কালেকশন রেশিও	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	এমওডি
	[১.১.৩] পাওনা পরিশোধ	অর্থ ও হিসাব বিভাগ	বিউবো এবং ডেসকো'র যৌথ মিটার রিডিং গ্রহণ এবং প্রতিবেদন প্রস্তুতকরণ
	[১.১.৪] সিআই রেশিও	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	এমওডি
	[১.১.৫] কারেন্ট রেশিও	অর্থ ও হিসাব বিভাগ	হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন এবং নিরীক্ষান্তে বার্ষিক প্রতিবেদন উপস্থাপন
	[১.১.৬] কুইক রেশিও	অর্থ ও হিসাব বিভাগ	হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন এবং নিরীক্ষান্তে বার্ষিক প্রতিবেদন উপস্থাপন
	[১.১.৭] ডেবট সার্ভিস কভারেজ রেশিও	অর্থ ও হিসাব বিভাগ	হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন এবং নিরীক্ষান্তে বার্ষিক প্রতিবেদন উপস্থাপন
	[১.১.৮] ই-জিপি টেন্ডারিং	সংগ্রহ বিভাগ	সংগ্রহ বিভাগ কর্তৃক মাসিক প্রতিবেদন
[১.২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	[১.২.১] বিদ্যুৎ খাতে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান	এইচআরএম বিভাগ	এইচআরএম বিভাগ কর্তৃক প্রণীত মাসিক প্রতিবেদন
	[১.২.২] জিআইএস ডাটা হালনাগাদকরণ	জিআইএস প্রকল্প এবং সকল বিক্রয় ও বিতরণ বিভাগ	জিআইএস প্রকল্প হতে প্রাপ্ত ডাটা
	[১.২.৩] ERP ব্যবহার/ হালনাগাদকরণ	অর্থ ও হিসাব বিভাগ, সংগ্রহ বিভাগ, এইচআরএম বিভাগ	অর্থ ও হিসাব বিভাগ, সংগ্রহ বিভাগ, এইচআরএম বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
[২.১] বিদ্যুৎ বিতরণ লাইন সম্প্রসারণ	[২.১.১] বিতরণ লাইন নির্মাণ/আপগ্রেডেশন	উন্নয়ন ও প্রকল্প বিভাগ	উন্নয়ন ও প্রকল্প বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	[২.১.২] বিতরণ লাইন/স্থাপনা পরিদর্শন	উন্নয়ন ও প্রকল্প বিভাগ	উন্নয়ন ও প্রকল্প বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
[২.২] সিস্টেম লস হাসকরণ	[২.২.১] সিস্টেম লস	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	বিক্রয় ও বিতরণ বিভাগ কর্তৃক বিদ্যুৎ আমদানি ও বিক্রয়ের তথ্য উপস্থাপন এবং এমওডি ডাটা
[২.৩] রুফটপ সোলার	[২.৩.১] রুফটপ সোলার স্থাপন	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	স্থাপিত মিটার থেকে প্রাপ্ত ডাটা
[২.৪] প্রি-পেইড মিটার/স্মার্ট মিটার স্থাপন	[২.৪.১] প্রি-পেইড মিটার/স্মার্ট মিটার স্থাপন	প্রকল্প পরিচালক (স্মার্ট মিটার স্থাপন প্রকল্প)	স্মার্ট মিটার স্থাপন প্রকল্প থেকে প্রাপ্ত ডাটা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[২.৫] গ্রাহক সেবার মান বৃদ্ধি	[২.৫.১] আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ (দুই) কর্ম দিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিম্যান্ড নোট ইস্যুকৃত	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	[২.৫.২] আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে ডিম্যান্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস তার (প্রয়োজ্য ক্ষেত্রে) জমা দেয়ার পরবর্তী ২(দুই) কর্ম দিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	[২.৫.৩] ১১ কেভি ও তদুর্ধ্ব ভোল্টেজের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ (তের) কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিম্যান্ড নোট ইস্যুকৃত	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	[২.৫.৪] ১১ কেভি ও তদুর্ধ্ব ভোল্টেজের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে ডিম্যান্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ, মিটার টেস্ট এর পরবর্তী ০২ (দুই) কর্ম দিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদানকৃত	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
[৩.১] নতুন সংযোগ	[৩.১.১] নতুন সংযোগ প্রদান	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
[৩.২] ওভারলোড ট্রান্সফরমার হ্রাসকরণ	[৩.২.১] ওভারলোড ট্রান্সফরমার	নেটওয়ার্ক অপারেশন বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
[৩.৩] গ্রাহক সন্তুষ্টি	[৩.৩.১] গণশুনানী	এসএন্ডডি অপারেশন (নর্থ জোন, সেন্ট্রাল জোন, সাউথ জোন)	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
[৪.১] নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	[৪.১.১] SAIDI পরিমাপে স্বয়ংক্রিয় ব্যবস্থা চালুকৃত (শতকরা)	নেটওয়ার্ক অপারেশন বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	[৪.১.২] SAIDI পরিমাপে স্বয়ংক্রিয় ব্যবস্থা চালুকৃত (সংখ্যা)	নেটওয়ার্ক অপারেশন বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	[৪.১.৩] সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স (SAIDI)	নেটওয়ার্ক অপারেশন বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
	[৪.১.৪] সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকুয়েন্সি ইনডেক্স (SAIFI)	নেটওয়ার্ক অপারেশন বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা
[৪.২] মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	[৪.২.১] প্রতিটি বিলিং পয়েন্ট এর পাওয়ার ফ্যাক্টর	নেটওয়ার্ক অপারেশন বিভাগ	বিক্রয় ও বিতরণ বিভাগ থেকে প্রাপ্ত ডাটা

সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন (আর্থিক)	বকেয়া হ্রাসকরণ	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	ডেসকো এলাকায় অবস্থিত বিহারী ক্যাম্পের নিকট বিদ্যুৎ বিল ত্রাণ মন্ত্রণালয় পরিশোধ না করায় বকেয়া বৃদ্ধি পাচ্ছে, বিদ্যুৎ ব্যবহারকারীগণ মামলা করায় সংযোগ বিচ্ছিন্ন করা যাচ্ছে না। বকেয়া বিল আদায়ে ত্রাণ মন্ত্রণালয়ের সাথে বিদ্যুৎ বিভাগের মাধ্যমে যোগাযোগ করা হচ্ছে।
প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন (আর্থিক)	বকেয়া হ্রাসকরণ	স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সিটি কর্পোরেশনের নিকট প্রাপ্য বকেয়া আদায়ের জন্য স্থানীয় সরকার বিভাগকে, বিদ্যুৎ বিভাগের মাধ্যমে তাগাদা প্রদান করা হয়ে থাকে।

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ